গণিত ভাবনা পত্রিকা প্রকাশ ও গণিত বিষয়ক আলোচনা

আজ ৩রা জানুয়ারি, ২০২১ গোবরডাঙ্গা গবেষণা পরিষদের সেমিনার হলে সকাল ১০ টা থেকে গণিত পরিষদের বার্ষিক সম্মেলনে গণিত ভাবনা পত্রিকা " জুলাই -ডিসেম্বর ,২০২০ সংখ্যা" ও গণিত বিষয়ক একটি বই " আধুনিক গণিতের অষ্ট বসু " শীর্ষক বইটি প্রকাশিত হয়। বইটির লেখক বিপ্লব রায় । প্রকাশক দীপক কুমার দাঁ , গোবরডাঙ্গা গবেষণা পরিষদ।সভায় পশ্চিমবঙ্গ গণিত পরিষদের সম্পাদক আব্দুল হালিম , ড. প্রদীপ মজুমদার, ড. উৎপল মুখোপাধায়, নারায়ন চন্দ্র ঘোষ , ড.সুনিল বিশ্বাস সহ বহু বিশিষ্ট শিক্ষক ও ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন । সারাদিনের এই অনুষ্ঠানে অঙ্কের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা ও প্রশ্নোত্তর পর্ব ছিল। ছাত্র-ছাত্রীদের মধ্যে কিভাবে অঙ্কের ভীতি কিভাবে কাটানো যায় সে বিষয় নিয়ে আলোচনা হয়। বাংলাদেশের বিজ্ঞান বিষয়ক বই , বিজ্ঞান অন্বেষক পত্রিকা সহ আরও বিভিন্ন পত্র- পত্রিকার স্টল ছিল।

জয়দেব দে